

## ঢাকা আলিয়ার নতুন চেহারা চাই

বাংলাদেশের রাজধানী ঢাকার বুকে একমাত্র পূর্ণ-সরকারী অনুদান প্রাপ্ত ইসলামী শিক্ষার সমন্বয় সাধনকারী ঐতিহ্যবাহী ঢাকা আলিয়া মাদরাসা। কিন্তু এই প্রতিষ্ঠানটি আজ সর্বাঙ্গিক থেকেই অবহেলিত। এর পাশেই অবস্থিত অনেকগুলো সরকারী প্রতিষ্ঠান। প্রাচ্যের অক্সফোর্ড ঢাকা বিশ্ববিদ্যালয়, বাংলাদেশ প্রকৌশলী বিশ্ববিদ্যালয়, ঢাকা মেডিকেল কলেজ- নাই বা বললাম এদের মনোরম পরিবেশের কথা। এগুলোও সরকারী আর ঢাকা আলিয়া ও সরকারী তবে পার্বক্য শুধু একটাই যে, ঢাকা আলিয়া হচ্ছে মাদরাসা। কিন্তু কেন আজ অবহেলিত মাদরাসার ছাত্ররা? আর কেনই বা পাব না আমরা ঐ রকম পরিবেশে লেখাপড়া করার অধিকার? ধর্মের দোহাই দিয়ে আজ আমাদের একঘরে করে রাখা হয়েছে। কিন্তু এটা তো চিরন্তন সত্য যে, ভাল-মন্দের সংমিশ্রণেই সমাজ আর সেই সমাজের মানুষ। তাই বলে মাত্র কয়েকজনদের দোষে সবাইকে তো আর দোষী করা যায় না। ইসলামী রাষ্ট্র হিসেবে ইসলামকেই সুউজ্জ্বল রাখা উচিত। আর ইসলামী শিক্ষার একমাত্র উৎস- মাদরাসা। সেই মাদরাসাতেই যদি পর্যাপ্ত সুযোগ-সুবিধা না থাকে তাহলে কিভাবে আমরা বিশ্বের সাথে তাল মিলিয়ে উচ্চ শিক্ষায় শিক্ষিত হব। তাই আমরা চাই গুনের মত ক্যাম্পাস, ভবন আর পরিবেশ। দুঃখের বিষয় হলেও বলতে ঘিধা নেই যে, আমার মনে হয় প্রতিষ্ঠাকাল থেকেই আলিয়া মাদরাসার ভবনগুলো রঙের ছোঁয়া পায় না। মাদরাসা-ই-আলিয়া লেখা অংশটুকু শেওলায় আবৃত হয়ে গেছে। কেউ না বললে বোঝাই যায় না এটা কি। বর্তমান সরকারের শিক্ষামন্ত্রীর নিকট এটাই আকুল আবেদন যে, মাদরাসাটির এবং অধ্যয়নরত ছাত্রদের প্রতি একটু করুণার দৃষ্টি দিন।

-মোঃ রেজাউল মোস্তফা,  
ঢাকা আলিয়া মাদরাসা।